

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৬

আগরতলা, ১৮ মে, ২০১৭

ডুকলী ব্লক সাক্ষরতা সমিতির সভা অনুষ্ঠিত

ডুকলী পঞ্চায়েত সমিতি হলে গতকাল ডুকলী ব্লক সাক্ষরতা সমিতির এক সভা অনুষ্ঠিত হয়। ডুকলী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রমিলা রায়ের (সরকার) সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে বিভিন্ন পঞ্চায়েতের প্রধান, উপ-প্রধানগণ, জিলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির সদস্য-সদস্যগণ ছাড়াও সদর মহকুমা শাসক ড. সমিত রায় চৌধুরী, ডুকলী ব্লকের বি ডি ও শিবজ্যোতি দত্ত প্রমুখ উপস্থিত ছিলেন। আলোচনায় অংশ নিয়ে ব্লক সাক্ষরতা সমিতির যুগ্ম আহ্বায়ক চন্দন সরকার জানান, এই ব্লক এলাকায় বর্তমানে ২৯৮ জন নব সাক্ষর রয়েছে। গত ১৮ ডিসেম্বরের চূড়ান্ত মূল্যায়ণ পরীক্ষায় ৪৪ জন নবসাক্ষর ক্লাস থ্রী স্ট্যান্ডার্ড থেকে ক্লাস ফোর স্ট্যান্ডার্ডে উত্তীর্ণ হন। ক্লাস ফোর থেকে ক্লাস ফাইভ স্ট্যান্ডার্ডে উত্তীর্ণ হন ২২৮ জন। অনুত্তীর্ণ হন ২৬ জন। আগামী জুন মাস থেকে উত্তীর্ণদের নিয়ে নতুন ক্লাস শুরু করা হবে। তিনি আরও জানান, এই ব্লক এলাকায় ৩৭টি নব সাক্ষর কেন্দ্র রয়েছে। নব সাক্ষরদের দক্ষতা উন্নয়নের জন্য গাভী, ছাগল, হাঁস-মুরগী পালন ও মৎস্য চাষের বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। সভায় সদর মহকুমা শাসক ড. সমিত রায় চৌধুরী, বি ডি ও শিবজ্যোতি দত্ত সহ সি ডি পি ও এবং বিদ্যালয় পরিদর্শক আলোচনায় অংশ নেন।

This document is a scanned copy of a message. To remove this message purchase the product at www.SmartPDFConverter.com